ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১৬৩৪

আগরতলা, ৮ জুলাই, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"জেলা হাসপাতালে পরিষেবা ব্যাহত," এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ৬ জুলাই, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, ঊনকোটি জেলা হাসপাতালের পক্ষ থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, প্রকাশিত সংবাদটি সঠিক নয়। কারণ, স্বাস্থ্য অধিকারের নির্দেশে কৈলাসহরস্থিত ঊনকোটি জেলা হাসপাতালের ড্রেসিং রুম পরিষেবার রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা কর্মীকে সম্প্রতি অন্যত্র বদলি করা হলেও এই জেলা হাসপাতালের ড্রেসিং রুম পরিষেবায় কোনো ধরনের বিঘ্ন ঘটেনি। বহির্বিভাগের ড্রেসিং রুম এবং ইমার্জেন্সি রুমে দক্ষতার সাথে নিয়মিত পরিষেবা প্রদান অব্যাহত রয়েছে। রোগীদের চিকিৎসা ও যত্নে কোনও ঘাটতি নেই।

******